মেহেরপুরে ছাত্রদলের ৬টি ইউনিটের কমিটি গঠন

মেহেরপুরে ছাত্রদলের ৬টি ইউনিটের আহবায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে। ইউনিটগেুলো হচ্ছে মেহেরপুর সরকারি কলেজ শাখা, গাংনী পৌর শাখা, মেহেরপুর সদর উপজেলা শাখা, গাংনী সরকারি ডিগ্রি কলেজ শাখা, মেহেরপুর পৌর শাখা ও মুজিবনগর উপজেলা শাখা।
সম্প্রতি মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইন ও সাধারণ সম্পাদক আলমগীর হোসেন এসকল কমিটি অনুমোদন করেন।
ফাহিম আহনাফ লিংকনকে আহবায়ক করে মেহেরপুর সরকারি কলেজ শাখা, রেজাওয়ানুল হক ইমনকে আহবায়ক করে গাংনী পৌর শাখা, নাজমুল ইসলামকে আহবায়ক করে মেহেরপুর সদর উপজেলা শাখা, জুনাইদ আহমেদকে আহবায়ক করে গাংনী সরকারি ডিগ্রি কলেজ শাখা, তৌফিক ইলাহিকে আহবায়ক করে মেহেরপুর পৌর শাখা এবং আকিব জাভেদকে আহবায়ক করে মুজিবনগর উপজেলা শাখা কমিটি অনুমোদন দেওয়া হয়েছে। মেহেরপুর পৌর শাখার ১৩ সদস্য বিশিষ্ট ব্যতিত সকল কমিটি ২১ সদস্য বিশিষ্ট করা হয়েছে।

গাংনী পৌর নির্বাচন:: নৌকা পেলেন আহম্মেদ আলী, ধানের শীষ আসাদুজ্জামান বাবলু

মেহেরপুরের গাংনী পৌরসভা নির্বাচন আগামি ১৬ জানুয়ারি। নির্বাচনে ক্ষমতাসীন আওয়ামী লীগ ও বিএনপি তাদের দলীয় প্রার্থী মনোনয়ন দিয়েছে। আওয়ামী লীগ মনোনয়ন পেয়েছেন সাবেক মেয়র আহম্মেদ আলী এবং বিএনপিতে মনোনয়ন পেযেছেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।
আজ শুক্রবার আওয়ামী লীগ ও বিএনপির মনোনয়ন বোর্ড পৃথকভাবে তাদের মনোনয়নের বিষয়টি নিশ্চিত করেছেন।

জেলা বিএনপির উদ্দ্যোগে মহান বিজয় দিবস পালন

“মহান বিজয় দিবস-২০২০ হোক শৃংখল মুক্তির” এই অঙ্গীকারে আলোচনা সভা, বর্নিল শোভাযাত্রা, শহীদ স্মৃতিসৌধে পুস্পমাল্য অর্পণ সহ বিভিন্ন কর্মসূচী পালন করেছে মেহেরপুর জেলা বিএনপি।

আজ বুধবার সকাল ১০টায় মেহেরপুর জেলা বিএনপি কার্যালয় প্রাঙ্গনে পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডঃ মারুফ আহমেদ বিজন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, জেলা বিএনপির সহ-সভাপতি শেখ সাঈদ আহমেদ, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু, প্রমুখ।

আলোচনা সভা শেষে পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের নেতৃত্বে বর্ণিল বিজয় শোভাযাত্রা শহর প্রদক্ষিন করে মেহেরপুর সরকারি কলেজ মোড়স্থ শহীদ স্মৃতিসৌধে পুস্মমাল্য অর্পণ করা হয়।

আলোচনা সভা, শোভাযাত্রা ও পুস্পমাল্য অর্পণ কর্মসূচীতে উপস্থিত ছিলেন জেলা বিএনপির দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, মেহেরপুর পৌর বিএনপির সহ-সভাপতি হাজী ফজলু খান, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম সম্পাদক মনিরুল ইসলাম মনি, পৌর বিএনপির সহ-সভাপতি হাবিব ইকবাল, জেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন মোল্লা,

সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, পৌর বিএনপির যুগ্ম সম্পাদক আবু ইউসুফ মিরন, পৌর বিএনপির যুগ্ম সম্পাদক হাফিজুর রহমান হ্যাপি, জেলা মুক্তিযোদ্ধা দলের আহবায়ক রাইহানুল কবীর, জেলা যুবদল সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি তোফায়েল আহমেদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু,

জেলা জাসাস এর আহবায়ক প্রভাষক মাহফুজুর রহমান অশেষ, জেলা জাসাস

এর সদস্য সচিব বাকাবিল্লাহ, সদর উপজেলা যুবদলের আহবায়ক লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, জেলা ছাত্রদলের সহ-সভাপতি তৌফিক এলাহী সাকিল, সদর উপজেলা ছাত্রদলের আহবায়ক বখতিয়ার খালিদ বুলবুল, সদস্য সচিব রাশেদুল ইসলাম রাজন, মেহেরপুর সরকারী কলেজের আহবায়ক ফাহিম আহনাফ লিংকন, পৌর ছাত্রদলের আহবায়ক তৌফিক এলাহী সহ অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

গভীর রাতে বিএনপি নেতা ইশরাক হোসেনের বাসভবনে হামলা

বিএনপি নেতা ইঞ্জিনিয়ার ইশরাক হোসেনের গোপিবাগের বাসভবনে হামলা চালিয়েছে দুর্বৃত্তরা। মঙ্গলবার দিবাগত রাত ৩ টার দিকে এ হামলার ঘটনা ঘটে।

এসময়, বাসায় তেমন কোন লোকজন না থাকায় হতাহতের ঘটনা না ঘটলেও বাসভবনের গ্লাস ভাঙচুর করা হয়েছে। ইট পাটকেল নিক্ষেপ করে বাসার গ্লাস ও বাসার সামনের পোস্টার ও ফেস্টুন ছিঁড়ে ফেলা হয়েছে।

তবে, কে বা কারা হামলা চালিয়েছে এ বিষয়ে স্পষ্টভাবে কিছু জানা না গেলেও প্রত্যক্ষদর্শীরা বলছেন, জয় বাংলা স্লোগান দিয়ে এসেছিল হামলাকারীরা।

তারা বলছেন, আনুমানিক রাত ২ টার পরপরই প্রায় ১ থেকে দেড়’শ মোটর সাইকেলের বহর আসে গোপীবাগের ২য় লেনে। এরপর সেখান থেকেই আকস্মিকভাবে হামলা চালায় তারা।

এ সময় ইট পাটকেল ও দেশীয় অস্ত্রে সজ্জিত হামলাকারীরা হেলমেট পড়া অবস্থায় থাকায় তাদের চেনা যায়নি বলেও জানান তারা।

হামলার সময় ইশরাক হোসেন এ বাসায় ছিলেন না।

আলমডাঙ্গায় বিএনপির উদ্যোগে বিজয় দিবস পালনে প্রস্তুতি সভা

আলমডাঙ্গার বিএনপির উদ্যোগে বিজয় দিবস পালনে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকালে আনন্দধাম রোডের ফায়ার সার্ভিস সংলগ্ন চাতালে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল জব্বারের সভাপতিত্বে উপস্থিত ছিলেন যুগ্ন আহবায়ক কামরুজ্জামান বকুল, গোলাম মোস্তফা বিশ্বাস, মিজানুর রহমান, সাবেক কমিশনার নাসির উদ্দিন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আজিজুর রহমান।

পিন্টুর উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন হাফিজুর রহমান চমক, জিল্লুর রহমান ওল্টু, মানোয়ার হোসেন মল্লিক, জামজামি ইউনিয়ন বিএনপির সভাপতি রফি উদ্দিন, বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজেদ হোসেন, হারদি বিএনপি নেতা প্রবাস খান, যুবদল নেতা মকলেছুর রহমান মুকুল,

খাইরুল ইসলাম, সালাম শাহ, সুমন, রফিকুল ইসলাম, জাহাঙ্গীর আলম চৌধুরী, পৌর বিএনপির সদস্য সচিব সাইফুল ইসলাম কনক, ছাত্রদলের আহবায়ক জাহিদ হাসান শুভ, সদস্য সচিব রাসেল আহমেদ প্রমুখ।

মেহেরপুরে বিএনপির উদ্যোগে শহীদ বুদ্ধিজীবি দিবস পালন

মেহেরপুরে আলোচনা সভা, মৌন পথযাত্রাসহ বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে শহীদ বুদ্ধিজীবি দিবস পালন করেছে জেলা বিএনপি।
সোমবার সকালে জেলা বিএনপি কার্যালয় প্রাঙ্গনে দিবসটি উপলক্ষে

আলোচনা সভা অনুষ্ঠিত হয়।আলোচনা সভা শেষে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন এর নেতৃত্বে মৌন পথযাত্রা শহর প্রদক্ষিণ শেষে কলেজ মোড়ের শহীদ বেদীতে পূস্পমাল্য অর্পণ করে।

এসময় সেখানে শহীদ বুদ্ধিজীবি সহ রক্ত ত্যাগে অর্জিত সকলের উদ্দেশ্যে এক মিনিট নিরবতা পালন ও আত্মার মাগফেরাত কামনায় মোনাজাত করা হয়।

আলোচনা সভায় মাসুদ অরুন বলেন জাতির শ্রেষ্ট্র সন্তানদের আত্মত্যাগ স্বাধীনতার রজত জয়ন্তী পূর্তির এই শুভক্ষণে অবরুদ্ধ গণতন্ত্র পুনরুদ্ধার, গণমাধ্যমের স্বাধীনতা এবং গণমানুষের কাংখিত রাষ্ট্র বিনির্মাণে যে সংগ্রাম তা চলমান থাকবে। সভা পরিচালনা করেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সাধারন সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আরজুল্লাহ মাস্টার বাবলু, জেলা মুক্তিযোদ্ধা দলের আহবায়ক রাইহানুল কবীর,যুবদল সভাপতি জাহিদুল হক জাহিদ, সাধারন সম্পাদক কাওছার আলী, মুজিবনগর উপজেলা শ্রমিকদলের সভাপতি আলহাজ্ব মশিউর রহমান, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারন সম্পাদক আজমল হোসেন মিন্টু, সদর উপজেলা যুবদেল আহবায়ক লিয়াকত আলী, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, গাংনী উপজেলা আহবায়ক আবুল মালেক চপল, জেলা ছাত্রদলের সহ-সভাপতি আকিব জাভেদ সেনজির, তৌফিক এলাহী সাকিল, সদর উপজেলা ছাত্রদলের আহবায়ক বখতিয়ার খালিদ বুলবুল, সদস্য সচিব রাশেদুল ইসলাম রাজন, মেহেরপুর সরকারী কলেজের আহবায়ক ফাহিম আহনাফ লিংকন, পৌর ছাত্রদলের আহবায়ক তৌফিক এলাহী প্রমুখ।

‘বেগম রোকেয়ার প্রদর্শিত পথেই নারী জাগরণ সৃষ্টি করেছিলেন

খালেদা জিয়া’

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, বেগম রোকেয়ার প্রদর্শিত পথ ধরেই বেগম খালেদা জিয়া নারী শিক্ষা, ক্ষমতায়ন এবং কর্মসংস্থানে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে নারী জাগরণ সৃষ্টি করেছিলেন।

রোকেয়া দিবসে বিএনপির ভারপ্রাপ্ত দপ্তর সম্পাদক সৈয়দ এমরান সালেহ প্রিন্স স্বাক্ষরিত এক বিবৃতিতে এসব কথা বলেন মির্জা ফখরুল।

বিবৃতিতে ফখরুল বলেন, বেগম রোকেয়া নারী সমাজে শিক্ষার আলো পৌঁছে দিতে যে ভূমিকা পালন করেছেন তা বৈপ্লবিক। তিনি দূরদর্শী দৃষ্টিভঙ্গিতে উপলব্ধি করেছিলেন যে, নারীর ভাগ্যোন্নয়নে শিক্ষা ও স্বাবলম্বিতা গুরুত্বপূর্ণ। সংসার, সমাজ ও অর্থনীতি জীবনের এই তিনটি ক্ষেত্রে নারীকে স্বায়ত্ত্বশাসিত ও আত্মমর্যাদাশীল হতে তিনি গভীরভাবে উদ্বুদ্ধ করেছিলেন। আর এ জন্য তিনি বিশ্বাস করতেন নারীকে উপযুক্ত শিক্ষায় শিক্ষিত হতে হবে।

তিনি আরো বলেন, নারী সমাজকে স্বাবলম্বী করতে রোকেয়া সামাজিক আন্দোলন গড়ে তুলেছিলেন, শত বাধা-বিপত্তি সত্ত্বেও। জিয়াউর রহমান বীর উত্তম নারীদেরকে চার দেয়ালের ভেতর থেকে বের করে এনে জাতীয় অর্থনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করেছিলেন।

বিএনপি মহাসচিব বলেন, বেগম রোকেয়ার পথই আজকের নারী সমাজকে এগিয়ে যাওয়ার প্রেরণা জোগাবে। আজকে এই দিনে আমি মহিয়সী নারী বেগম রোকেয়ার আদর্শে উজ্জীবিত হয়ে নারী সমাজকে দেশ ও জাতির কল্যাণে আত্মনিবেদিত হওয়ার জন্য আহ্বান জানাই।

কুষ্টিয়ায় বিএনপি কার্যালয়ে

ভাঙচুর করেছে দুর্বৃত্তরা

কুষ্টিয়া জেলা বিএনপির কার্যালয়ে হামলা চালিয়ে ভাঙচুর করেছে একদল দুর্বৃত্ত। শনিবার বিকেল সাড়ে চারটার দিকে শহরের এনএস রোডে পাবলিক লাইব্রেরির সামনে অবস্থিত ওই কার্যালয়ে এ হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে।

গতকাল শুক্রবার দিবাগত রাতে শহরের পাঁচ রাস্তার মোড়ে নির্মাণাধীন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাঙচুরের ঘটনার ১৫ ঘণ্টার মধ্যে বিএনপি কার্যালয়ে ভাঙচুরের ঘটনা ঘটল। তবে দুটি ঘটনায় পুলিশ এখনও কাউকে আটক করতে পারেনি।

জেলা বিএনপির সভাপতি সৈয়দ মেহেদী আহম্মেদ জানান, দুপুরে কার্যালয়ে বৈঠক করেন তাঁরা। বেলা তিনটার দিকে নেতা–কর্মীরা কার্যালয় ছেড়ে বাড়ি চলে যান। কার্যালয় খোলা রেখে সেখানে একজন পিয়ন ছিলেন। বিকেল পৌনে পাঁচটার দিকে জানতে পারেন কার্যালয়ে হামলা চালিয়ে ভাঙ্চুর করা হয়েছে।

সৈয়দ মেহেদী আহম্মেদ বলেন, একদল সন্ত্রাসী হামলা চালিয়ে তাঁদের কার্যালয় ভাঙচুর করেছে। কার্যালয়ে থাকা চেয়ার–টেবিল ভাঙচুর করেছে। বিষয়টি পুলিশকে জানানো হয়েছে। এ ঘটনার তীব্র নিন্দা ও দোষীদের দ্রুত গ্রেপ্তারের দাবি জানান তিনি।

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের বিষয়ে জানতে চাইলে সৈয়দ মেহেদী আহম্মেদ মন্তব্য করেন, ‘যারাই করুক, এটা তো উচিত হয়নি।’

নিরঙ্কুশ বিজয়ে অভিনন্দন বিএনপি’র

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নির্বাচন-২০২১ বাংলাদেশ জাতীয়বাদী আইনজীবী ফোরামের নিরঙ্কুশ বিজয়ে অভিনন্দন জানিয়েছে মেহেরপুর জেলা বিএনপি।

শনিবার সকাল ১১ টার সময় কোর্ট মোড় এলাকায় আইনজীবী ভবনের ৩য় তলায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন।

বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আইনজীবী সমিতির ২০২০ সালে নির্বাচিত সাধারণ সম্পাদক এ্যাড. আবু সালেহ মোহাম্মদ নাসিম, জেলা আইনজীবী সমিতির নবনির্বাচিত সাধারণ সম্পাদক এ্যাড.ফরিদ উদ্দিন, জেলা বিএনপির সংগ্রামী সহ-সভাপতি আব্দুর রহমান, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, মুজিবনগর উপজেলা সভাপতি আমিরুল ইসলামসহ বিভিন্ন নেতাকর্মীরা বক্তব্য দেন।

মেহেরপুর বার কাউন্সিলে আ.লীগ প্যানেলের ভরাডুবি:: মিয়াজান সভাপতি, ফরিদ উদ্দীন সাধারণ সম্পাদক

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচন ২০২১ সম্পন্ন হয়েছে। নির্বাচনে ১৫টি পদের মধ্যে সাধারণ সম্পাদকসহ বিএনপি প্যানেল থেকে ১৩ জন, সভাপতি পদে স্বতন্ত্র প্রার্থী এবং আওয়ামী লীগ প্যানেল থেকে মাত্র ১ জন জয়ী হয়েছেন।
নির্বাচনে সভাপতি পদে স্বতন্ত্র প্রার্থী অ্যাড. মিয়াজান আলী সভাপতি ও বিএনপি সমর্থিত অ্যাড. ফরিদ উদ্দীন সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন।
শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নির্বাচনের প্রধান কমিশনার অ্যাড. বিমল কুমার বিশ্বাস এ ফলাফল ঘোষনা করেন। এছাড়া সহসভাপতি পদে গোলাম মোস্তফা(আ.লীগ), রফিকুল ইসলাম(বিএনপি), যুগ্ম সাধারণ সম্পাদক পদে রফিকুল ইসলাম-২(বিএনপি), মিজানুর রহমান(বিএনপি), কোষাধাক্ষ্য পদে এহান উদ্দিন

মনা(বিএনপি), পাঠাগার ও সাংস্কৃতিক সম্পাদক পদে এ এস এম এম হাসানুল্লা(বিএনপি), নির্বাহী সদস্য পদে হাসান মাহাবুবুর রহমান(বিএনপি), মখলেছুর রহমান খান স্বপন(বিএনপি), আরিফুজ্জামান (বিএনপি),সাইফুল ইসলাম সাহেব(বিএনপি), শফিউল আযম খান(বিএনপি), সেলিম রেজা গাজী(বিএনপি), খুরশিদা খাতুন(বিএনপি) জয়লাভ করেছেন।

প্রসঙ্গত, শুক্রবার দিনব্যাপী মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে আওয়মীলীগ প্যানেলের প্রার্থী ছিলেন ১১ জন, বিএনপি প্যানেলের প্রার্থী ছিলেন ১৫ জন এবং সতন্ত্র হিসেবে সভাপতি প্রার্থী ছিলেন ১জন। মোট ১২৬ টি ভোটারের মধ্যে ভোট পোল হয় ১০৭ টি। প্রধান নির্বাচন কমিশিনারের দায়িত্বে ছিলেন অ্যাড. বিমল কুমার বিশ্বাস, সহকারী কমিশনার ছিলেন অ্যাড. সুজন কুমার মন্ডল ও অ্যাড. শফিউদ্দিন।

শুক্রবার সকাল ৯.৩০ মিনিট থেকে ১২ টা এবং দুপুর ২ টা থেকে বিকাল ৩টা পর্যন্ত মেহেরপুর জেলা আইনজীবী ভবনে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। ১৫ সদস্যের কমিটিতে আওয়ামীলীগ থেকে ১ জন বিএনপি থেকে ১৩ জন ও সতন্ত্র প্রার্থী ১ জন নির্বাচিত হয়েছেন